

📖 **সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)**

হাদিস নম্বরঃ ৩০২২ [আন্তর্জাতিক নম্বরঃ ৩২৪৯]

৪৯/ সৃষ্টির সূচনা (كتاب بدء الخلق)

পরিচ্ছেদঃ ১৯৯০. জান্নাতে বৈশিষ্টের বর্ণনা আর তা সৃষ্টবস্তু। আবুল আলীয়া (রহঃ) বলেন, مُطَهَّرَةٌ মাসিক ঋতু, পেশাব ও থুথু হতে পবিত্র। كَلَّمَا رُزِفُوا যখনই তাদের সামনে কোন এক প্রকার খাদ্য পরিবেশন করা হবে, এরপরই অন্য এক প্রকার খাদ্য পরিবেশন করা হবে। তারা (জান্নাতবাসীরা) বলবে, এগুলো তো ইতিপূর্বেই আমাদেরকে পরিবেশন করা হয়েছে। اُنْتُوا بِهِ مُتَشَابِهًا তাদেরকে পরস্পর সদৃশ খাবার পরিবেশন করা হবে অথচ সেগুলো স্বাদে হবে বিভিন্ন। قُطُوْفَهَا তারা যেভাবে ইচ্ছা ফল ফলাদি গ্রহন করবে। اِنْبِئَةٌ নিকটবর্তী। الْاَرَائِكُ পালঙ্কসমূহ। হাসান বাসরী (রহঃ) বলেন, سَلْسَبِيلًا দ্রুত প্রবাহিত পানি। كَوَاعِبَ پेटের ব্যাথা। يَنْزِفُونَ তাদের বুদ্ধি লোপ পাবে না। ইবন আব্বাস (রাঃ) বলেন, دِهَاقًا পরিপূর্ণ। اَنْكُورٍ অংকুরিত যৌবনা তরুণী। الرِّحِيْقُ - পানীয়। التَّسْنِيْمُ জান্নাতবাসীদের পানীয় যা উচু হতে নিঃসৃত হয়। তার মোড়ক হবে কস্তুরি। نَضَاحَتَانِ দুই উচ্ছলিত (প্রসবন)۔ مَوْضُوْنَةٌ সোনা ও মনি মুক্তা দিয়ে তৈরি। এ শব্দটি হতেই وَضِيْنٌ ও عُرْبًا এর উৎপত্তি অর্থাৎ উটের পিঠের গদী। الْكُوبُ হাতল বিহীন পানপাত্র। الْاَبَارِيْقُ হাতল বিশিষ্ট পানপাত্র। عُرْبًا সোহাগিনী। একবচনে عَرُوبٌ যেমন صَبُوْرٌ এর বহুবচন صُبُرٌ মক্কাবাসী একে غَنَجَةٌ মদীনাবাসী আর ইরাকীরা سَكَلَةٌ বলে থাকে। মুজাহিদ (রহঃ) বলেন, رَوْحٌ জান্নাত ও সচ্চল জীবন। الرِّيحَانُ জীবিকা। الْمَنْضُوْدُ কলা। فُرْشٍ কাঁদি ভরা এটাও বলা হয়। যার কাটা নেই। الْعُرْبُ স্বামীদের কাছে সোহাগিনী। مَسْكُوْبٌ প্রবাহিত। مَرْفُوعَةٌ একটির উপর আরেকটি বিছানা لَعُوْا অলীক কথা। تَائِيْمًا মিথ্যা। اَفْنَانٌ ডালসমূহ। دَانٍ وَجَنَى الْجَنَّتَيْنِ دَانٍ দুই বাগিচার ফল হবে তাদের নিকটবর্তী যা নিকট থেকে গ্রহন করবে। مُدْهَمَّتَانِ এ বাগিচা দুটি ঘন সবুজ।

باب مَا جَاءَ فِي صِفَةِ الْجَنَّةِ وَأَنَّهَا مَخْلُوقَةٌ قَالَ أَبُو الْعَالِيَةِ مُطَهَّرَةٌ مِنَ الْحَيْضِ وَالْبَوْلِ وَالْبَزَاقِ. {كُلَّمَا رُزِقُوا} أُتُوا بِشَيْءٍ ثُمَّ أُتُوا بِآخَرَ {قَالُوا هَذَا الَّذِي رُزِقْنَا مِنْ قَبْلُ} أُتِينَا مِنْ قَبْلُ {وَأُتُوا بِهِ مُتَشَابِهًا} يُشَبِّهُ بَعْضُهُ بَعْضًا، وَيَخْتَلِفُ فِي الطُّعُومِ {قُطُوفُهَا} يَقْطِفُونَ كَيْفَ شَاءُوا دَانِيَةً قَرِيبَةً. الْأَرَائِكُ السُّرُرُ. وَقَالَ الْحَسَنُ: النَّضْرَةُ فِي الْوُجُوهِ وَالسُّرُورُ فِي الْقُلُوبِ. وَقَالَ مُجَاهِدٌ: {سَلْسَبِيلًا} حَدِيدَةُ الْجَرِيَةِ. {غَوْلٌ} وَجَعُ الْبَطْنِ {يُنْزَفُونَ} لَا تَذْهَبُ عُقُولُهُمْ وَقَالَ ابْنُ عَبَّاسٍ: {دِهَاقًا} مُمْتَلِيًا {كَوَاعِبُ} نَوَاهِدُ. الرَّحِيقُ الْخَمْرُ. التَّسْنِيمُ يَعْلُو شَرَابَ أَهْلِ الْجَنَّةِ {خَتَامُهُ} طِينُهُ {مِسْكٌ}، {نَضَاجَتَانِ} يُقَالُ مَوْضُونَةٌ مَنْسُوجَةٌ، مِنْهُ وَضِيقُ النَّاقَةِ. وَالْكُوبُ مَا لَا أُذُنَ لَهُ وَلَا عُرْوَةَ. وَالْأَبَارِيقُ ذَوَاتُ الْأَذَانِ وَالْعُرَا. {عُرْبًا} مُثْقَلَةٌ وَاحِدُهَا عَرُوبٌ، مِثْلُ صَبُورٍ وَصَبْرٍ، يُسَمِّيَهَا أَهْلُ مَكَّةَ الْعَرَبِيَّةَ، وَأَهْلُ الْمَدِينَةِ الْغَنَجَةَ، وَأَهْلُ الْعِرَاقِ الشَّكْلَةَ. وَقَالَ مُجَاهِدٌ: {رَوْحٌ} جَنَّةٌ وَرَخَاءٌ، {وَالرَّيْحَانُ} الرِّزْقُ، وَالْمَنْضُودُ الْمَوْزُ،

وَالْمَخْضُودُ الْمُوقَرُّ حَمَلًا وَيُقَالُ أَيْضًا لَا شَوْكَ لَهُ، وَالْعُرْبُ الْمُحَبَّبَاتُ إِلَى أَزْوَاجِهِنَّ. وَيُقَالُ مَسْكُوبٌ جَارٍ، وَ{فُرْشٍ مَرْفُوعَةٍ} بَعْضُهَا فَوْقَ بَعْضٍ. {لَغْوًا} بَاطِلًا. {تَأْتِيْمًا} كَذِبًا. أَفْئَانُ أَغْصَانُ {وَجَنَى الْجَنَّتَيْنِ دَانٍ} مَا يُجْتَنَى قَرِيبٌ. {مُدْهَامَّتَانِ} سَوْدَاوَانِ مِنَ الرَّيِّ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ سُفْيَانَ، قَالَ حَدَّثَنِي أَبُو إِسْحَاقَ، قَالَ سَمِعْتُ الْبَرَاءَ بْنَ عَازِبٍ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - قَالَ أُتِيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِثَوْبٍ مِنْ حَرِيرٍ، فَجَعَلُوا يَعْجَبُونَ مِنْ حُسْنِهِ وَلِينِهِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لِمَنَادِيلُ سَعْدِ بْنِ مُعَاذٍ فِي الْجَنَّةِ أَفْضَلُ مِنْ هَذَا " .

বাংলা

৩০২২। মুসাদ্দাদ (রহঃ) ... বারা ইবনু আযিব (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট একখানি রেশমী কাপড় আনা হল। লোকজন এর সৌন্দর্য ও কমণীয়তার কারণে তা খুব পছন্দ করতে লাগল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'অবশ্যই জান্নাতে সা'দ ইবনু মুআযের রুমাল এর চেয়েও অধিক উত্তম হবে।'

English

Narrated Al-Bara bin Azib:

Allah's Messenger (ﷺ) was given a silken garment, and its beauty and delicacy astonished the people. On that, Allah's Messenger (ﷺ) said, "No doubt, the handkerchiefs of Sa'd bin Mu'adh in Paradise are better than this."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=3152>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন